মেহেরপুর মোটর শ্রমিক ইউনিয়নের নির্বাচন আজ

মেহেরপুর জেলা মোটর শ্রমিক ইউনিয়নের ত্রিবার্ষিক নির্বাচন আজ সোমবার অনুষ্ঠিত হচ্ছে। ব্যাপক প্রস্তুতির পর চরম উৎসাহ ও উদ্দীপনার মধ্যেই চলছে ভোটগ্রহণ।

ত্রিবার্ষিক নির্বাচনকে ঘিরে প্রার্থী ও তাদের সমর্থকরা ব্যস্ত সময় পার করছেন। জেলা মোটর শ্রমিক ইউনিয়নের ভোটারদের মধ্যেও দেখা গেছে সরগরম পরিবেশ।

গত বছরের তুলনায় এবার নির্বাচন আরও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হবে বলে মন্তব্য করেছেন সাধারণ ভোটাররা। তারা ভোটকেন্দ্রে গিয়ে পছন্দের প্রার্থীকে ভোট দেবেন। যারা আগামীতে শ্রমিকের ভোটে নির্বাচিত হবেন, তারা নির্বাচনী ইশতেহার অনুযায়ী কাজ করার চেষ্টা করবেন।

মনোনয়নপত্র ক্রয় করা প্রার্থীদের মধ্যে সভাপতি পদে প্রতিদ্বন্দ্বিতা করছেন আহসান হাবীব সোনা, শাহিন আলম ও বকুল হোসেন। কার্যকরী সভাপতি পদে মনোনয়ন নিয়েছেন সাজেদুর রহমান, সৈয়দ রাকেশ হাসান ও উজ্জল হোসেন।

সহ-সভাপতি পদে আলমগীর হোসেন ও শাহিন আলম টুটুল, সাধারণ সম্পাদক পদে মতিয়ার রহমান ও শাখাওয়াত হোসেন সবুজ, যুগ্ম সম্পাদক পদে নাসিম ইসলাম, এরশাদ আলী ও রেজাউল হক মনোনয়নপত্র দাখিল করেছেন।

সহ-সাধারণ সম্পাদক পদে প্রতিদ্বন্দ্বিতা করছেন সেন্টু শেখ ও ফরহাদ হাসান তুষার, সাংগঠনিক সম্পাদক পদে রমেজ উদ্দিন ও আফজারুল, সহ-সাংগঠনিক সম্পাদক পদে চঞ্চল শেখ ও চাঁদ আলী।

কোষাধ্যক্ষ পদে আজিজুল হক, মাহবুব, মোফাজ্জেল ও সোহেল; সড়ক সম্পাদক পদে সোহেল রানা সজীব, মুরসালিন ও আনারুল ইসলাম, শ্রমিক কল্যাণ সম্পাদক পদে মাহবুব রিপন ও খাইরুল ইসলাম; প্রচার সম্পাদক পদে সুমন ও ইয়ারুল ইসলাম মনোনয়নপত্র ক্রয় করেছেন।

এছাড়া সদস্য পদে শরিফুল ইসলাম, আন্নাচ আলী, লাল মিয়া, জিয়ারুল, শাহিন শেখ, আব্দুল জব্বার, খবিরুল, রশিদুল ইসলাম ও বাচ্চু

আগামী ১৭ নভেম্বর মেহেরপুর জেলা মোটর শ্রমিক ইউনিয়নের নির্বাচন

আগামী ১৭ নভেম্বর মেহেরপুর জেলা মোটর শ্রমিক ইউনিয়নের নির্বাচন অনুষ্ঠিত হবে।

বুধবার সকালে পৌরসভার পশুহাটে অবস্থিত জেলা মোটর শ্রমিক ইউনিয়নের প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত ত্রি-বার্ষিক সাধারণ সভায় এ ঘোষণা দেন ইউনিয়নের সভাপতি মো. আহসান হাবীব সোনা।

সভাপতির বক্তব্যে তিনি ইউনিয়নের সদস্যদের জন্য মৃত্যু ভাতা, আর্থিক লেনদেনের স্বচ্ছতা এবং সংগঠনের সার্বিক উন্নয়ন কার্যক্রমের অগ্রগতি তুলে ধরেন।

মেহেরপুর জেলা মোটর শ্রমিক ইউনিয়নের অফিস সেক্রেটারি মো. নাসিম খানের সঞ্চালনায় সাধারণ সভায় বক্তব্য রাখেন ইউনিয়নের সাধারণ সম্পাদক মো. মতিয়ার রহমান, যুগ্ম সাধারণ সম্পাদক মো. সবুজ, কার্যনির্বাহী পরিষদের অন্যান্য সদস্য এবং সাধারণ সদস্যবৃন্দ।

বক্তারা শ্রমিকদের মানোন্নয়ন, নিরাপত্তা নিশ্চিতকরণ এবং সংগঠনের ঐক্য বজায় রাখার ওপর গুরুত্বারোপ করেন। তারা বলেন, আগামী নির্বাচনে আপনারা যাকে যোগ্য মনে করবেন, তাকেই ভোট দিয়ে বিজয়ী করুন।

সাধারণ সভায় মেহেরপুর জেলা মোটর শ্রমিক ইউনিয়নের সকল সাধারণ সদস্য উপস্থিত ছিলেন।